



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

বিজ্ঞপ্তি

এতদ্বারা এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষকে জানানো যাচ্ছে যে, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রয়োজনীয় ক্ষেত্রে বিষয়, বিভাগ, ভার্শন এবং ছবি পরিবর্তন/সংশোধন কার্যক্রম ০১/১১/২০১৮ তারিখ থেকে ১৫/১১/২০১৮ তারিখের মধ্যে অনলাইনে সম্পন্ন করতে হবে। শিক্ষার্থীর চাহিদা মোতাবেক আবেদনের ভিত্তিতে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে এ বোর্ডের ওয়েবসাইটে লগইন করে **Student Management** প্যানেল থেকে প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধনের কাজ সম্পন্ন করবেন এবং চূড়ান্ত প্রিন্ট আউট নেবেন।

পরিবর্তন/সংশোধন কার্যক্রম সম্পন্ন হবার পর ০৩ জন শিক্ষক সমন্বয়ে গঠিত একটি কমিটির মাধ্যমে ভর্তিকৃত সকল শিক্ষার্থীর বিষয়, বিভাগ, ভার্শন এবং ছবিসহ সকল তথ্য যথাযথভাবে যাচাই করতে হবে। “২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত সকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে এবং তথ্যে কোন প্রকার ভুল নেই” মর্মে অধ্যক্ষের প্রত্যয়নপত্রসহ চূড়ান্ত প্রিন্ট আউট (শিক্ষার্থীর স্বাক্ষরসহ) আগামী ২৯/১১/২০১৮ তারিখের মধ্যে এ বোর্ডে জমা দিতে হবে। ম্যানুয়ালি ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রিন্ট আউট আলাদাভাবে ম্যানুয়াল ভর্তি ফি এর হিসাব বিবরণী এবং সোনালী সেবার রসিদের ফটোকপিসহ জমা দিতে হবে।

নির্ধারিত এই সময়ের মধ্যে বিষয়, বিভাগ, ভার্শন এবং ছবি পরিবর্তন/সংশোধনের জন্য কোন প্রকার ফি প্রদান করতে হবে না।

(কে এম রব্বানী)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

ফোন: ০৪২১-৬৮৬৩৮

e-mail: ic@jessoreboard.gov.bd

অধ্যক্ষ,

এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।